কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন ঃ ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্স ঃ ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.২২.০০১.১৮-৬৮৫

তারিখ ঃ ১৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২২ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে গত ২২ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখ রোজ সোমবার বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর সম্মেলন কক্ষে জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় ও নির্বাহী পরিচালক (অতিঃ দায়িত্ব), বারটান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৮/১০/১৮

কাজী আবুল কালাম
পরিচালক (যুগ্মসচিব)

অনুলিপি বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক, বারটান এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প, সেচ ভবন, ঢাকা।
০২। অধ্যক্ষ, বারটান, সেচ ভবন, ঢাকা।
০৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ), বারটান ও সহকারী প্রকল্প পরিচালক, বারটান এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প সেচ ভবন, ঢাকা।
০৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ),বারটান ও প্রকল্প ব্যবস্থাপক, আইএনএফপি (বারটান অংগ), সেচ ভবন, ঢাকা।
০৫। উর্ধ্বতন প্রশিক্ষক, বারটান, সেচ ভবন, ঢাকা।
০৬। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বারটান, সেচ ভবন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র,বরিশাল/সিরাজগঞ্জ/রংপুর(পীরগঞ্জ)/নোয়াখালী/ ঝিনাইদহ/নেত্রকোনা/সুনামগঞ্জ।
০৭। প্রোগ্রামার, বারটান, সেচ ভবন, ঢাকা (কার্যবিবরণীটি বারটানের ওয়েবসাইটে আপলোডের জন্য)।
০৮। প্রশাসনিক কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা/বৈজ্ঞানিক কর্মকর্তা/বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ)/সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বারটান, সেচ ভবন, ঢাকা।
০৯। নির্বাহী পরিচালক-এর ব্যক্তিগত সহকারী, বারটান, সেচ ভবন, ঢাকা।
১০। প্রশাসন/প্রশিক্ষণ/হিসাব শাখা, বারটান, সেচ ভবন, ঢাকা।
১১। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

ঋ:।ংবপড়াবধ।অড়াঅফসরহ.ফড়প

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্স: ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.০৪.০০১.১৮-

তারিখ ঃ ২৮.১০.২০১৮ খ্রিষ্টাব্দ / ১৩.০৭.১৪২৫ বঙ্গাব্দ

বিষয় ঃ বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (বারটান) এর ২২ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিরণী।

সভাপতি ঃ মোহাম্মদ নজমুল ইসলাম
স্থান ঃ বারটান সম্মেলন কক্ষ
উপস্থিতির তালিকা ঃ সংযুক্ত *"পরিশিষ্ট-ক"*

আলোচনা ও সিদ্ধান্ত ঃ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই গত ৭ আগষ্ট ২০১৮ তারিখে বারটানের সকল কর্মকর্তাদের উপস্থিতিতে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়াও বিবিধ বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

ক্র: নং	বিষয় ও আলোচনা/অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
(১)	বিষয়: পুষ্টি পরিস্থিতি বিষয়ে "বেস লাইন সার্ভে করা। আলোচনা: সভাকে জানানো হয় যে, প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহে পুষ্টি পরিস্থিতির বিষয়ে "বেস লাইন সার্ভে" সম্পন্ন করার নিমিত্ত প্রধান কার্যালয় একটি প্রশ্নমালা প্রণয়ন করেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে জানা যায় পুষ্টি পরিস্থিতি বিষয়ে "বেস লাইন সার্ভে" জাতীয় তথ্য হিসাবে প্রকাশ করতে হলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অনুমতি গ্রহণ করতে হবে। এ বিষয়ে নির্বাহী পরিচালক জানান যে, কৃষিনীতি সহায়ক ইউনিট (আপসু) এবং আর্ন্তজাতিক সংস্থা ইন্টারন্যাশনাল ফুড পলিসি সাপোর্ট ইউনিট এধরনের একটি পাইলট প্রজেক্ট (এঞ্জেল) এর কাজ শেষ করেছে। আপসু এবং বারটান সমন্বিত ভাবে কাজ করতে পারে। এ প্রকল্প-এর দ্বিতীয় পর্যায়ে কাজ বারটান সমন্বিত ভাবে কাজ করতে পারে। প্রকল্পের ডেপুটি রিসার্চ ডাইরেক্টর মাসুমা জানান যে, প্রকল্প থেকে এ পর্যন্ত ১৬টি জেলাতে পুষ্টি সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্যাদির আলোকে পুষ্টিস্তর উন্নয়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বারটান-এর সঙ্গে কাজ করার বিষয়ে মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।	বারটান এবং আপসু পারস্পরিক আলোচনার ভিত্তিতে প্রণীত প্রশ্নমালার মাধ্যমে "বেস লাইন সার্ভে" করার বিষয়টি পরীক্ষা করবে। এ বিষয়ে পরবর্তী সভায় জানাতে হবে।	তাসনীমা মাহ্জাবিন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
(২)	বিষয় : বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন। আলোচনা: সভায় জানানো হয় যে, বারটান-এর আইনে বর্ণিত কাজের সাথে সামঞ্জস্য রেখে একটি বাৎসরিক কর্মপরিকল্পনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কর্মপরিকল্পনা প্রস্তুত করার জন্য আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের মতামত গ্রহণ করা হয়েছে। সভায় একটি কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়।	বারটান-এর আইনে বর্ণিত কাজের সাথে সামঞ্জস্য রেখে একটি বাৎসরিক কর্মপরিকল্পনা ১৫ কার্যদিবসের মধ্যে একটি সমন্বিত ও পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	জ্যোতি লাল বড়ুয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ)

ক্র: নং	বিষয় ও আলোচনা/অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
(৩)	বিষয়: গবেষণার ক্ষেত্রসমূহ (Research Area) চিহ্নিতকরণ। আলোচনা: বারটানের কার্যাবলীর আলোকে গবেষণার ক্ষেত্রসমূহ (Research Area) চিহ্নিত করে একটি প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গবেষণার ক্ষেত্রসমূহ (Research Area) এবং সামাজিক গবেষণা নির্দিষ্টকরণ করা হয়েছে। এ বিষয়ে আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের মতামতও গ্রহণ করা হয়েছে মর্মে তিনি জানান। সভায় গবেষণার ক্ষেত্রসমূহ (Research Area) উপস্থাপন করা হয়।	বারটান এর ম্যানডেট অনুযায়ী গবেষণার ক্ষেত্রসমূহ (Research Area) চিহ্নিত করে সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত করতে হবে। আগামী সভায় গবেষণা প্রস্তাব (গবেষণার বিষয়, সময়কাল, এলাকা, গবেষণার কৌশল, লক্ষ্য ইত্যাদিসহ) উপস্থাপন করতে হবে।	মোঃ মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
(৪)	বিষয়: পুষ্টির বহুমুখিতা বৃদ্ধি ও পুষ্টিমান উন্নয়নে ভূমিকা পালন। আলোচনা: স্কুল ফিডিং, একটি বাড়ি একটি খামার কর্মসূচি বা কৃষি ও খাদ্যভিত্তিক দারিদ্র বিমোচন বা সেফটি-নেট কর্মসূচি ইত্যাদি থেকে জ্ঞান আহরণপূর্বক কিভাবে পুষ্টিমান উন্নয়ন ও পুষ্টির বহুমুখিতা বৃদ্ধিতে ভূমিকা রাখা যায় সে লক্ষে প্রধান/আঞ্চলিক কার্যলয়সমূহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, তিনি বারটানের ৩টি আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করেছেন। কেন্দ্রের কর্মকর্তারা জানিয়েছেন যে, তাঁদের এলাকায় একটি বাড়ি একটি খামার কর্মসূচি বা কোন স্কুল ফিডিং কার্যক্রম চালু নেই। এবিষয়ে নির্বাহী পরিচালক দ্বিমত পোষণ করেন। তিনি বারটানের ০৮টি অঞ্চল হতেই ন্যূনতম ০১টি স্কুল ফিডিং এবং একটি বাড়ি একটি খামার কর্মসূচি-এর ন্যূনতম ০১টি কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহের নির্দেশনা প্রদান করেন।	বারটান-এর ০৮টি অঞ্চল হতে ১টি স্কুল ফিডিং কার্যক্রম এবং একটি বাড়ী একটি খামার প্রকল্প-এর ১টির কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহপূর্বক বারটান উক্ত কার্যক্রমে পুষ্টি সম্পর্কিত বিষয়ে কিভাবে সম্পৃক্ত হতে পারে সে বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য আঞ্চলিক কার্যালয়সমূহকে পত্র প্রেরণ করতে হবে।	জ্যোতি লাল বড়ুয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ)
(৫)	বিষয়: লক্ষ্যভিত্তিক জনগোষ্ঠির পুষ্টিস্তর উন্নয়ন। আলোচনা: জীবন চক্র ভিত্তিক এবং দারিদ্র্যের নিম্নসীমায় অবস্থানকারী লক্ষ্যভিত্তিক জনগোষ্ঠি যেমন ঃ বস্তিবাসি, গার্মেন্টস কর্মী, ভৌগলিক ও আর্থিকভাবে প্রান্তসীমায় বসবাসকারীদের পুষ্টিস্তর উন্নয়নে অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম গ্রহণ করা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে ফেব্রুয়ারী ২০১৯ থেকে কার্যক্রম শুরু করা যেতে পারে। এ বিষয়ে আলোচনাকালে জানানো হয় যে, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে হবে।	পরবর্তী সমন্বয় সভায় এ বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	ড. মোহাম্মদ রাজু আহমেদ, উর্ধ্বতন প্রশিক্ষক
(৬)	বিষয়: সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের সংগে সমন্বয়পূর্বক কার্যক্রম পরিচালনা। আলোচনা: প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের কর্ম এলাকায় যে সকল সরকারি (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহ) এবং বেসরকারি সংস্থা পুষ্টি বিষয়ে কাজ করে তাদের কার্যক্রমের সাথে সমন্বয় করে পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পূববর্তী সিদ্ধান্ত অনুযায়ী যে সকল সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ পুষ্টি বিষয়ে কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত আছে সে সকল প্রতিষ্ঠানের নাম এবং প্রত্যেকটি প্রতিষ্ঠান কি ধরণের কাজ করে তার একটি তালিকা প্রস্তুত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। প্রস্তুতকৃত তালিকা সভায় উপস্থাপন করা হয়।	প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী প্রত্যেক সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ এর ফোকাল পারসন বা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে সনাক্ত করে তাঁদের মোবাইল নম্বর ভবিষ্যত যোগাযোগের জন্য সংগ্রহ করতে হবে। প্রস্তুতকৃত তালিকা নির্বাহী পরিচালক -এর নিকট উপস্থাপন করতে হবে।	তাসনীমা মাহ্‌জাবিন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

ক্রঃ নং	বিষয় ও আলোচনা/অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
(৭)	বিষয়ঃ প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন। আলোচনাঃ বারটান কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বৎসরে যে প্রশিক্ষণ প্রদান করবে তার একটি ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, ডিসেম্বর পর্যন্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। জানুয়ারি থেকে কাসকেডিং এপ্রোচে ট্রেনিং হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত হওয়ার পর বাকী সময়ের জন্য ক্যালেন্ডার প্রস্তুত করা হবে। বারটান হতে এ পর্যন্ত যে সকল কর্মকর্তাগণ টিওটি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের মাধ্যমে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। এভাবে প্রশিক্ষণ প্রদান করা না গেলে বারটান-এর পক্ষে ব্যাপক জনগোষ্ঠীকে পুষ্টি বিষয়ে সচেতন করা সম্ভব হবে না।	চলতি অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী করে আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বারটান হতে যে সকল কর্মকর্তাগণ টিওটি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের মাধ্যমে কিভাবে প্রশিক্ষণ প্রদান করা যায় সে বিষয়ে একটি প্রস্তাবনা আগামী সভায় উপস্থাপন করতে হবে।	ড. মোহাম্মদ আবদুহু, অধ্যক্ষ
(৮)	বিষয়ঃ পুষ্টি বিষয়ক স্বল্প মেয়াদের সার্টিফিকেট কোর্স এবং ডিপ্লোমা কোর্স চালু করা। আলোচনাঃ পুষ্টি বিষয়ক স্বল্প মেয়াদের সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্স চালু করার বিষয়ে করণীয় সম্পর্কে একটি কর্ম পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, সার্টিফিকেট কোর্স বিষয়ে অডিটিং প্রতিষ্ঠান 'ব্যুরো ভেরিটাস' এবং ফুড প্রসেসিং কোম্পানী 'প্রাণ'-এর সাথে পুষ্টি বিষয়ক ডিপ্লোমা/সার্টিফিকেট গ্রহণকারীদের চাকুরির ক্ষেত্র বিষয়ে আলোচনা হয়েছে। এছাড়াও ডিপ্লোমা কোর্সের সিলেবাস ও আউটলাইন প্রস্তুত করা হয়েছে।	ডিপ্লোমা এবং সার্টিফিকেট উভয় কোর্স সংক্রান্ত সিলেবাস প্রস্তুতির কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বারটান-এর বোর্ড সভার সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তবে অন্যান্য প্রতিষ্ঠান কিভাবে সার্টিফিকেট কোর্স প্রদান করছে এবং সনদ দিচ্ছে সে বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে।	ড. মোহাম্মদ আবদুহু, অধ্যক্ষ
(৯)	বিষয়ঃসামগ্রিক কার্যক্রম মনিটরিং ও মূল্যায়ন। আলোচনাঃ বারটানের (প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়) সামগ্রিক কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে প্রতি মাসে সম্পাদিত কার্যক্রম বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। প্রতিবেদন প্রেরণের জন্য প্রধান কার্যালয় একটি ছক প্রণয়ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে খসড়া ছক প্রস্তুত করা হয়েছে।	আগামী সমন্বয় সভায় মনিটরিং ফরমেট উপস্থাপন করতে হবে।	ড. মোহাম্মদ রাজু আহমেদ, উর্ধ্বতন প্রশিক্ষক
(১০)	বিষয়ঃহিসাব শাখার কার্যক্রমকে অটোমেশনের আওতায় আনা। আলোচনাঃ এ বিষয়ে আলোচনাকালে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান এটুআই কর্তৃক ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে । উক্ত কার্যক্রমে অটোমেশনের বিষয়টিও অন্তর্ভুক্ত আছে। ফলে অটোমেশনের কার্যক্রম এ মূহূর্তে গ্রহণ না করাই শ্রেয় হবে।	এটুআই কর্তৃক ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নে কতদিন লাগতে পারে এবং সেখানে হিসাব সংক্রান্ত কাজের অটোমেশন হবে কি না সে বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রোগ্রামার সংগ্রহ করবেন।	এ, কে, এম মোস্তফা কামাল, প্রোগ্রামার
(১১)	বিষয়ঃ বারটান কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের ফলোআপ। আলোচনাঃ পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য বিভিন্ন লক্ষভিত্তিক জনগোষ্ঠিকে যে প্রশিক্ষণ প্রদান করা হবে সে বিষয়ে ফলোআপ করার জন্য একটি কার্যকর পদ্ধতি উদ্ভাবন করতে হবে এবং এ পদ্ধতি অনুযায়ী সকল প্রশিক্ষণের ফলোআপ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, প্রশিক্ষণের ফলোআপ এর বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সাথে মিটিং করা হয়েছে এবং ডিসেম্বর মাসের পরে প্রশিক্ষণের কার্যকারিতা পরীক্ষা করার জন্য প্রদত্ত প্রশিক্ষণের ৫% ফলোআপ করা হবে ।	বারটান-এর প্রত্যেক কর্মকর্তা প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করবে। প্রত্যেকের ভ্রমণ বিলের সাথে প্রশিক্ষণের প্রতিবেদন এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা সংযুক্ত করবেন।	(ক) ড. মোহাম্মদ রাজু আহমেদ, উর্ধ্বতন প্রশিক্ষক (খ) হিসাব শাখা

ক্র: নং	বিষয় ও আলোচনা/অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
(১২)	বিষয়:ই-পুষ্টি বিষয়ে পরিকল্পনা প্রণয়ন। আলোচনা: কোন্ কোন্ ক্ষেত্রে কী ধরণের পুষ্টিসেবা প্রদান করা যায় সে বিষয়ে ই-পুষ্টি সম্পর্কিত একটি ধারণা পত্র এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, অ্যাপস তৈরীর জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু হয়েছে। তিনি আরও জানান যে, সিফটেট লিমিটেড কোম্পানীর কারিগরি সহায়তায় সফটওয়ার কোডিং এর কাজ চলমান আছে।	ই-পুষ্টি বিষয়ক অ্যাপস তৈরীর জন্য বারটান অফিসের সকল কর্মকর্তাগণের উপস্থিতিতে আলোচনার ভিত্তিতে এর বিষয়বস্তু চূড়ান্ত করতে হবে। পরবর্তী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে।	এ, কে, এম মোস্তফা কামাল, প্রোগ্রামার এবং কাওসার আহমেদ, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা

খ) বিবিধ:

বিবিধ:	সিদ্ধান্ত
জেলা/উপজেলাতে সেমিনার আয়োজন	পরিকল্পনা মোতাবেক সেমিনার এর আয়োজন করতে হবে।
বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) -এর বিষয়ে গৃহীত অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।
এনআইএস	এনআইএস-এর বিষয়ে গৃহীত অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।
খাদ্যভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ এর বিষয়বস্তু আপডেট আলোচনা ঃ এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গত ০৭.০৮.১৮ তারিখের সমন্বয় সভার পর সকল আঞ্চলিক কার্যালয়সহ সকল কর্মকর্তগণের কাছে এবিষয়ে মতামত প্রদানের জন্য ইমেইল করা হয়। কিন্তু সবার মতামত না পাওয়ায় বিষয়বস্তু আপডেট এর ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি।	খাদ্যভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ এর বিষয়বস্তুর হালনাগাদ করার জন্য সমস্ত কর্মকর্তাকে পুনরায় মেইল করতে হবে এবং ১৫ ই নভেম্বর এর মধ্যে সকল কর্মকর্তাকে এ বিষয়ে মতামত প্রদান করতে হবে।
খাদ্যভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ে টিওটি প্রশিক্ষণ এর বিষয়বস্তু আপডেট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভাকে জানানো হয় যে, খাদ্যভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ক টিওটি প্রশিক্ষণ এর বিষয়বস্তু হালনাগাদ করা হয়েছে। উক্ত বিষয়বস্তু সমন্বয়ে একটি টিওটি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।	খাদ্যভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ে টিওটি প্রশিক্ষণ এর বিষয়বস্তুর হালনাগাদ করার জন্য সমস্ত কর্মকর্তাকে মেইল করতে হবে এবং ১৫ ই নভেম্বর এর মধ্যে সকল কর্মকর্তাকে এ বিষয়ে মতামত প্রদান করতে হবে।
বারটান প্রধান কার্যালয়ের সামনে স্ক্রলে পুষ্টি বিষয়ক তথ্য প্রদর্শনী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	এ বিষয়টি অন্যান্য আঞ্চলিক কার্যালয়ে রেপ্লিকেট করা যায় কি না সে বিষয়ে পরীক্ষা করতে হবে।
অডিট সংক্রান্ত বিষয়। অডিট সংক্রান্ত বিষয়ে হালনাগাদ রাখতে হবে।	পরবর্তী সভাতে এ বিষয়টি উপস্থাপন করতে হবে।
বারটান এর কর্মকর্তাগণ এর প্রশিক্ষণ পরবর্তী উপস্থাপনা	বারটান এর কর্মকর্তাগণ যখন যে প্রশিক্ষণ গ্রহণ করবেন তা শেষ হওয়ার পর বারটান কার্যালয়ের সভাকক্ষে উপস্থাপনা করতে হবে।
বারটান ওয়েবসাইট	প্রতিমাসে কমপক্ষে ৩০০ তথ্যাদি আপলোড করতে হবে এবং এ বিষয়টি পর্যবেক্ষণের জন্য উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা তাসনীমা মাহজাবীন এবং বৈজ্ঞানিক কর্মকর্তা প্রিন্স বিশ্বাস পর্যবেক্ষণ করবেন।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ নজমুল ইসলাম)
অতিরিক্ত সচিব
কৃষি মন্ত্রণালয়
ও
নির্বাহী পরিচালক, বারটান।